গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭০/২০১৯-২০২০

ঢাকা, ২ অক্টোবর বুধবার ২০১৯, ১৭ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দুই দিনের সফরে খুলনায় রাষ্ট্রপতি
২। প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু স্যাটেলাইটের বাণিজ্যিক অপারেশন উদ্বোধন করবেন আজ
৩। প্রধানমন্ত্রী আগামীকাল নয়াদিল্লি যাচ্ছেন : ১৮ চুক্তি ও এমওইউ স্বাক্ষরের প্রস্তুতি
প্রাধান্য পাবে রোহিঙ্গা সংকট, তিস্তাসহ অভিন্ন নদীর পানি বণ্টন
৪। জাতিসংঘ সাধারণ পরিষদ অধিবেশনে যোগদান শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী
৫। প্রধানমন্ত্রীর সঙ্গে বিভিন্ন সংস্থা প্রধানদের বৈঠক : দুর্নীতিবিরোধী অভিযান অব্যাহত থাকবে
৬। যেখানেই দুর্নীতি সেখানেই অভিযান : ভয়েস অভ্ আমেরিকাকে প্রধানমন্ত্রী
৭। কোনো ব্যক্তি বা গোষ্ঠী নয়, অপরাধীর বিরুদ্ধে এ অভিযান : সেতুমন্ত্রী
৮। শুদ্ধি অভিযান অব্যাহত থাকবে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
৯। জনকল্যাণ নিশ্চিত হলে সহজ হবে এসডিজি অর্জন : স্পিকার
১০। মুজিব মঞ্চ হবে সব উপজেলায় : জামুকার বৈঠকে সিদ্ধান্ত
১১। শতভাগ স্যানিটেশন অর্জনে সবাইকে একযোগে কাজ করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী
১২। ফ্রান্সের সাবেক প্রেসিডেন্ট জ্যাক শিরাকের শেষকৃত্যে তথ্যমন্ত্রী
১৩। জ্যাক শিরাকের মৃত্যুতে শোক বইয়ে স্বাক্ষর পররাষ্ট্রমন্ত্রীর
১৪। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকব : অস্ট্রেলিয়ার হাইকমিশনার
১৫। ঢাকা এবং খুলনা শহরের উন্নয়নে এডিবি'র ১৫ কোটি ডলার ঋণ
১৬। আজ জাতীয় উৎপাদনশীলতা দিবস

চলমান পাতা-২

১। **দুই দিনের সফরে খুলনায় রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দুদিনের সফরে খুলনায় পৌঁছেছেন। গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) হেলিকপ্টারে খুলনায় নৌবাহিনীর ঘাঁটি বানৌজা তিতুমীরে অবতরণ করেন তিনি। আজ ২ অক্টোবর বুধবার নৌঘাঁটি তিতুমীরকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড দেওয়ার অনুষ্ঠানে যোগদান শেষে ঢাকায় ফিরে আসবেন রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৫)।

২। **প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু স্যাটেলাইটের বাণিজ্যিক অপারেশন উদ্বোধন করবেন আজ**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর বাণিজ্যিক অপারেশন উদ্বোধন হচ্ছে আজ (২ অক্টোবর বুধবার)। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে স্যাটেলাইটের সম্প্রচার কার্যক্রম উদ্বোধন করবেন। উদ্বোধনের পরই দেশের ৩৫ টেলিভিশন চ্যানেল বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে সম্প্রচার শুরু করবে। গত তিন মাস চুক্তিবদ্ধ চ্যানেলগুলো বঙ্গবন্ধু স্যাটেলাইট থেকে ফ্রি ফ্রিকোয়েন্সি নিয়ে সম্প্রচার চালিয়েছে। কিন্তু বাণিজ্যিকভাবে উদ্বোধনের দিন থেকে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেডকে (বিসিএসসিএল) ভাড়া দিতে হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ (শেষ** পৃ,ক.৫**), ডেইলি সান** (পৃ.১,ক.৩)**, নিউ নেশন (শেষ** পৃ,ক.১)।

৩। **প্রধানমন্ত্রী আগামীকাল নয়াদিল্লি যাচ্ছেন : ১৮ চুক্তি ও এমওইউ স্বাক্ষরের প্রস্তুতি**
**প্রাধান্য পাবে রোহিঙ্গা সংকট, তিস্তাসহ অভিন্ন নদীর পানি বণ্টন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল (৩ অক্টোবর বৃহস্পতিবার) চার দিনের সরকারি সফরে ভারতের নয়াদিল্লি যাচ্ছেন। তাঁর এ সফরে দুই দেশের মধ্যে ১৮টি চুক্তি, সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের প্রস্তুতি নিয়েছে ঢাকা ও নয়াদিল্লি। যোগাযোগ, নৌপরিবহণ, শিল্প, সংস্কৃতি, কারিগরি সহযোগিতা, বাণিজ্য ও বিনিয়োগ, পর্যটন, তথ্য ও প্রযুক্তিসহ বিভিন্ন খাতে এসব চুক্তি ও এমওইউ স্বাক্ষর হবে। পাশাপাশি প্রধানমন্ত্রীর সফরে রোহিঙ্গা প্রত্যাবাসন ও তিস্তাসহ অভিন্ন নদীর পানি বণ্টন বিষয়ে আলোচনা হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৬)**, সংবাদ** (পৃ.১,ক.১)**, ইন্ডিপেনডেন্ট (শেষ** পৃ,ক.১)**, অবজারভার** (পৃ.১,ক.৭)।

৪। **জাতিসংঘ সাধারণ পরিষদ অধিবেশনে যোগদান শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৭৪তম অধিবেশনে যোগদানসহ যুক্তরাষ্ট্রে আট দিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) ভোর ৫টা ৫০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৩)**, ডেইলি সান** (পৃ.২,ক.১)**, অবজারভার (শেষ** পৃ,ক.৮)।

৫। **প্রধানমন্ত্রীর সঙ্গে বিভিন্ন সংস্থা প্রধানদের বৈঠক : দুর্নীতিবিরোধী অভিযান অব্যাহত থাকবে**

ক্যাসিনো ও দুর্নীতিবিরোধী চলমান অভিযান অব্যাহত রাখার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) তাঁর সরকারি বাসভবন গণভবনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন গোয়েন্দা সংস্থার প্রধানদের সঙ্গে বৈঠকে এ নির্দেশনা দেন। যুক্তরাষ্ট্রে জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগদান শেষে গতকাল দেশে ফিরেই পুলিশ, র‍্যাবসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং গোয়েন্দা সংস্থার প্রধানদের গণভবনে ডেকে পাঠান প্রধানমন্ত্রী। বৈঠকের শুরুতেই আইনশৃঙ্খলা রক্ষাকারী ও বিভিন্ন গোয়েন্দা সংস্থার প্রধানরা চলমান দুর্নীতিবিরোধী অভিযান সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২)।

৬। **যেখানেই দুর্নীতি সেখানেই অভিযান : ভয়েস অভ্ আমেরিকাকে প্রধানমন্ত্রী**

যেখানে অনিয়ম-দুর্নীতি আছে, সেখানেই অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতিসংঘ অধিবেশনের ফাঁকে নিউইয়র্কে ভয়েস অভ্ আমেরিকাকে দেয়া এক সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী এ কথা বলেন। গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) সাক্ষাৎকারটি প্রচার করে সংবাদমাধ্যমটি। এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, আমরা সন্ত্রাসের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা দিয়ে সন্ত্রাস দমন করেছি। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে জনগণকে সম্পৃক্ত করেছি। জঙ্গিবাদ দমনের সঙ্গে সঙ্গে মাদকের বিরুদ্ধে অভিযান অব্যহত থাকবে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.১)।

৭। **কোনো ব্যক্তি বা গোষ্ঠী নয়, অপরাধীর বিরুদ্ধে এ অভিযান : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, চলমান দুর্নীতিবিরোধী অভিযান কোনো দল বা গোষ্ঠীর বিরুদ্ধে নয়। অপরাধীর বিরুদ্ধে দুর্নীতিবিরোধী এ অভিযান চলছে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার ) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সমসাময়িক রাজনৈতিক বিষয় নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, যারাই দুর্নীতি, অনিয়ম ও ক্যাসিনোর সঙ্গে জড়িত থাকবে তাদের বিরুদ্ধেই অভিযান চলবে। কাউকে ছাড় দেওয়া হবে না। দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে অভিযান যখন শুরু হয়েছে, এর শেষটাও দেখে নেওয়া হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৮)**, সংবাদ** (পৃ.১,ক.৮)**, নিউজ টুডে** (পৃ.১,ক.১)**, ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৮। **শুদ্ধি অভিযান অব্যাহত থাকবে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বর্তমান সরকার সবসময়ই যেকোনো ধরনের অন্যায়ের বিরুদ্ধে সক্রিয়। সরকার দেশের উন্নয়নের লক্ষ্যে সচেষ্ট থাকে। তারই অংশ হিসেবে দেশে শুদ্ধি অভিযান চলছে, দলমত নির্বিশেষে সারাদেশে এ অভিযান অব্যাহত থাকবে বলে মন্তব্য করেন তিনি। গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) চাঁদপুর সার্কিট হাউসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। তিনি আরও বলেন, ক্যাসিনো থেকে শুরু করে দুর্নীতিবাজ কেউই পার পাবে না। কোনো দল দেখে শুদ্ধি অভিযান চালানো হয় না। সন্ত্রাসী, চাঁদাবাজ, দুর্নীতিবাজ কোন দলের তা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেখেন না। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১৫,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৪,ক.৫)।

**৯। জনকল্যাণ নিশ্চিত হলে সহজ হবে এসডিজি অর্জন : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে এমপিদের নিজ নির্বাচনি এলাকায় কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। এ কর্মপরিকল্পনা নিতে হবে জনগণের সার্বিক কল্যাণ বিবেচনায় নিয়ে। জনগণের কল্যাণ নিশ্চিত হলে এসডিজি অর্জন সহজ হবে। গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) সংসদ ভবনের শপথকক্ষে সংসদ সদস্যদের জন্য এসডিজি বাস্তবায়ন বিষয়ক ব্রেইন স্টর্মিং সেশনে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**১০। মুজিব মঞ্চ হবে সব উপজেলায় : জামুকার বৈঠকে সিদ্ধান্ত**

মুজিব বর্ষ উদযাপনের লক্ষ্যে দেশের প্রতিটি উপজেলায় মুজিব মঞ্চ নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। এ মঞ্চ থেকেই বিজয় দিবস, স্বাধীনতা দিবসসহ রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হবে। এজন্য ৩৪ কোটি টাকা অর্থ মন্ত্রণালয়ের কাছে বরাদ্দ চাওয়া হবে। গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৬৫তম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া সভায় **১১** জনের মুক্তিযোদ্ধা সনদ বাতিলের পাশাপাশি বিভিন্ন ক্যাটাগরিতে শতাধিক ব্যক্তিকে মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.২)।

**১১। শতভাগ স্যানিটেশন অর্জনে সবাইকে একযোগে কাজ করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, নিরাপদ স্যানিটেশন সবার জন্য নিশ্চিত করতে সরকার কাজ করে যাচ্ছে। শতভাগ স্যানিটেশনের লক্ষ্য অর্জনে জাতীয় পর্যায়ে গঠিত 'স্যানিটেশন টাস্কফোর্স' এখন গ্রাম পর্যায়ে সক্রিয় রয়েছে। বর্তমানে উপমহাদেশের মধ্যে স্যানিটেশনের দিক থেকে বাংলাদেশ সবচেয়ে ভাল অবস্থানে। দেশে শতকরা ৯৯ ভাগ মানুষ এখন নিরাপদ স্যানিটেশন ব্যবহার করছেন। বাকি এক ভাগকেও এ বছরের মধ্যে স্যানিটেশনের আওতায় নিয়ে আসা হবে। গতকাল (২ অক্টোরব মঙ্গলবার) রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের অডিটরিয়ামে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর-২০১৯'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৭)।

**১২। ফ্রান্সের সাবেক প্রেসিডেন্ট জ্যাক শিরাকের শেষকৃত্যে তথ্যমন্ত্রী**

ফ্রান্সের সাবেক প্রেসিডেন্ট জ্যাক শিরাকের শেষকৃত্যে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশ নিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গত ৩০ সেপ্টেম্বর সোমবার বিশ্বের বিভিন্ন দেশের প্রতিনিধিদের সঙ্গে শেষকৃত্য অনুষ্ঠানে অংশ নেন তিনি। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) প্যারিসের বাংলাদেশ দূতাবাস থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

**১৩। জ্যাক শিরাকের মৃত্যুতে শোক বইয়ে স্বাক্ষর পররাষ্ট্রমন্ত্রীর**

ফ্রান্সের সাবেক প্রেসিডেন্ট জ্যাক শিরাকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তাঁর মৃত্যুতে ঢাকার ফ্রান্সের দূতাবাসে রাখা শোক বইয়ে গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) তিনি স্বাক্ষর করেন। স্বাক্ষরকালে পররাষ্ট্রমন্ত্রী বলেন, বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনরোধ এবং শান্তি প্রতিষ্ঠায় তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে। তাঁর মৃত্যুতে ফ্রান্সসহ সারা বিশ্বের অপূরণীয় ক্ষতি হলো। তিনি প্রেসিডেন্ট জ্যাক শিরাকের শোকসন্তপ্ত পরিবার এবং ফ্রান্সের জনগণের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেন। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ (শেষ পৃ,ক.৮)**।

**১৪। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকব : অস্ট্রেলিয়ার হাইকমিশনার**

বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার জুলিয়া নিবলেট বলেছেন, রোহিঙ্গা সংকটের দীর্ঘমেয়াদি এবং টেকসই সমাধানে বাংলাদেশ, মিয়ানমার, অন্যান্য আঞ্চলিক অংশীদার ও আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে কাজ করবে অস্ট্রেলিয়া। রোহিঙ্গা ইস্যুতে অব্যাহতভাবে বাংলাদেশের পাশে থাকবে দেশটি। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীতে স্থানীয় একটি হোটেলে 'বাংলাদেশ-অস্ট্রেলিয়া সম্পর্ক : ভবিষ্যতের জন্য পূর্বাভাস' শীর্ষক এক সংলাপে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.১), **নিউ নেশন (শেষ** পৃ,ক.২), **বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.১)**।

**১৫। ঢাকা এবং খুলনা শহরের উন্নয়নে এডিবি'র ১৫ কোটি ডলার ঋণ**

ঢাকা এবং খুলনা শহরের অবকাঠামো উন্নয়নে **১৫** কোটি ডলারের ঋণ সহায়তা দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এ অর্থে ঘনবসতিপূর্ণ এ শহরের রাস্তা ও ড্রেন নির্মাণ এবং এ সংক্রান্ত ব্যবস্থাপনার উন্নয়ন করা হবে। গতকাল (১ অক্টোবর মঙ্গলবার) এ বিষয়ে সরকারের সঙ্গে সংস্থাটির একটি চুক্তি স্বাক্ষর হয়। বাংলাদেশের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক উন্নয়ন বিভাগের (ইআরডি) সচিব মনোয়ার আহমেদ এবং এডিবি'র কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**১৬। আজ জাতীয় উৎপাদনশীলতা দিবস**

আজ দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস উদ্‌যাপন করা হবে। জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বাড়াতে প্রতি বছর এ দিবস উদ্‌যাপন করে থাকে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)। এ বছর জাতীয় উৎপাদনশীলতা দিবসের মূল প্রতিপাদ্য 'বৈশ্বিক প্রতিযোগিতার উৎপাদনশীলতা'। জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** এক শ্রেণির অসাধু ব্যবসায়ী শুল্কমুক্ত কাঁচামাল এনে তা খোলাবাজারে বিক্রি করে বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে শিল্পখাতের জন্য ক্ষতিকর এমন কর্মকাণ্ড বন্ধে কঠোর পদক্ষেপ কামনা।

খ. **ইনকিলাব :** ঢাকা মেডিকেল কলেজের বার্ন ইউনিটে চিকিৎসাধীন রোগীদের শতকরা ৪২ ভাগই গ্যাসের আগুনে দগ্ধ রোগী এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সাধারণ গ্যাসের চুলা ও গ্যাসের সিলিন্ডার ব্যবহারে সতর্কতার পরামর্শ।

**গ.** **যায়যায়দিন :** সম্প্রতি দেশের অন্যতম শীর্ষ ওষুধ প্রস্তুতকারী বহুজাতিক প্রতিষ্ঠান গ্ল্যাক্সোস্মিথক্লাইন (জিএসকে) তাদের তৈরি রেনিটিডিন ট্যাবলেটে ক্যান্সার সৃষ্টিকারী উপাদানের উপস্থিতির কারণে বিশ্ববাজার থেকে এটি তুলে নেওয়ার ঘোষণা দেওয়ার কারণে বাংলাদেশেও এ ওষুধ নিষিদ্ধ করেছে ঔষধ প্রশাসন অধিদপ্তর উল্লেখ করে এরপরেও রেনিটিডিন বিক্রি হওয়ায় এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সমকাল :** গত কয়েকদিন ধরে গঙ্গা অববাহিকার রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া ও নাটোর অঞ্চলে বন্যা দেখা দিয়েছে উল্লেখ করে বন্যা মোকাবিলায় উদ্ধার ও ত্রাণ তৎপরতা বাড়ানোর সুপারিশ।

**ঙ.** **সংবাদ :** দেশের চার মহাসড়কে টোল আদায়ের সরকারি সিদ্ধান্ত কার্যকর করার প্রক্রিয়া চলছে উল্লেখ করে এর সাথে সাথে মহাসড়কগুলোর বেহাল দশা দূর করতে দৃষ্টি দেওয়ার পরামর্শ।

**চ.** **ডেইলি সান :** কৃষিজমি সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

**ছ.** **বাংলাদেশ টুডে :** পর্যটন শিল্পের বিকাশে বিশ্বে বাংলাদেশ **১২৯**তম থেকে **১২৩**তম স্থানে গিয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ খাতের উন্নয়নে যথাযথ পদক্ষেপ কামনা।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পর্যটনশিল্পের হাত ধরে বাড়বে দেশের ভাবমূর্তি'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, বাংলাদেশের উন্নয়নযাত্রায় পর্যটন শিল্পের সংযোজন শুধু আর্থিক সফলতা বয়ে আনবে না, সেই সঙ্গে প্রান্তিক পর্যায়ে এর সুফল ছড়িয়ে দেবে স্থানীয়দের অংশগ্রহণের মাধ্যমে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা